



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

২৫ চৈত্র ১৪৩১

তারিখ:

০৮ এপ্রিল ২০২৫

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে ৪(চার)টি নতুন বিভাগ গঠন প্রসঙ্গে।

ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে নিম্নোক্ত ৪(চার) টি নতুন বিভাগ গঠন করা হয়েছে:

- ১.১। ব্যাংক পরিদর্শন বিভাগ-৯;
  - ১.২। পরিদর্শন পরিপালন বিভাগ;
  - ১.৩। মানি লন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ; এবং
  - ১.৪। ইসলামী ব্যাংকিং রেগুলেশন্স এন্ড পলিসি ডিপার্টমেন্ট।
- ২। এ বিষয়ে উল্লেখ্য যে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন বিভাগসমূহের আওতাধীন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের প্রধান কার্যালয় ও তাদের শাখাসমূহের পরিদর্শন পরবর্তী পরিপালন সংক্রান্ত কার্যক্রম ‘পরিদর্শন পরিপালন বিভাগ’ এর মাধ্যমে এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও মানি লন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৯ এ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে বাংলাদেশ ব্যাংকের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও কার্যকরভাবে ‘মানি লন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিভাগ’ এর মাধ্যমে সম্পাদিত হবে।
- ৩। এ ক্ষেত্রে, উপরোল্লিখিত বিভাগসমূহের কার্যপরিধির অন্তর্ভুক্ত বিষয় সম্পর্কে যাবতীয় যোগাযোগ সংশ্লিষ্ট বিভাগের (প্রযোজ্য ক্ষেত্রে) সাথে করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(গৌতম কুমার ঘোষ)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।